নিবন্ধন নং- ০৩৮

খেলাফত প্রতিষ্ঠার লক্ষ্যে গণ-আন্দোলন গড়ে তুলুন

খেলাফত মজলিস
KHELAFAT MAJLIS

কেন্দ্রীয় কার্যালয় :১৬, বিজয়নগর (৫ম তলা) ঢাকা- ১০০০, ফোন : ০২-৪৯৩৫৪৩২১, web: www.khelafat-majlis.org
Central Office : 16, Bijoynagar (4th Floor), Dhaka-1000 Phone : 02-49354321, e-mail: khelafatmajlis@gmail.com

*বিবৃতি:*

# হাটহাজারী মাদ্রাসায় সন্ত্রাসী হামলার তীব্র প্রতিবাদ খেলাফত মজলিসের

ঢাকা, ০৭ সেপ্টেম্বর ২০২৫:

গতকাল রাতে ঈদে মিলাদুন্নবী স. উপলক্ষে আয়োজিত র‍্যালী পরবর্তিতে ঐতিহ্যবাহী হাটহাজারী বড় মাদ্রাসায় সন্ত্রাসী হামলার তীব্র নিন্দা জানিয়েছেন খেলাফত মজলিসের আমীর মাওলানা আব্দুল বাছিত আজাদ ও মহাসচিব ড. আহমদ আবদুল কাদের।

আজ প্রদত্ত বিবৃতিতে নেতৃদ্বয় বলেন, সুন্নী নামধারী কতিপয় সন্ত্রাসী কর্তৃক দারুল উলুম মঈনুল ইসলাম হাটহাজারী মাদ্রাসার ছাত্রদের উপর হামলার ঘটনায় দেড় শতাধিক মাদ্রাসা ছাত্র আহত হয়। এর মধ্যে কয়েকজনের অবস্থা গুরুতর। কথিত সুন্নী মতাদর্শীদের আয়োজিত জশনে জুলুসে অংশগ্রহণকারী এক যুবক কর্তৃক ফেসবুকে দেওয়া একটি ছবি সহ উস্কানীমূলক পোস্টের জের ধরে যে ভয়াবহ হামলা ও রক্তাক্ত পরিবেশ সৃষ্টি হয়েছে তা কোনভাবেই গ্রহণযোগ্য নয়। প্রশাসন তাৎক্ষণিকভাবে পরিস্থিতি নিয়ন্ত্রণে ব্যর্থতার পরিচয় দিয়েছে। আমরা উক্ত ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাই।

প্রশাসন উস্কানীদাতাকে গ্রেফতার করলেও আমরা সন্ত্রাসী সবাইকে অবিলম্বে গ্রেফতার ও দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানাই। বড় ধরণের বিকৃতি না ঘটে থাকলে শুধুমাত্র মতাদর্শগত সামান্য ত্রুটি-বিচ্যুতি নিয়ে এদেশের মুসলিম সমাজ পারস্পরিক সহাবস্থান করে আসছে যুগ যুগ ধরে। সেই সহাবস্থানকে হঠাৎ করে উস্কে দিয়ে পরস্পর মারমুখী করে তুলে দেশকে অস্থিতিশীল করার অপচেষ্টা শুরু হয়েছে। আমরা প্রশাসন সহ দেশবাসীকে এই ব্যাপারে আরো সজাগ থাকার আহ্বান জানাচ্ছি।

*বার্তা প্রেরক*

(প্রকৌশলী আবদুল হাফিজ খসরু)
কেন্দ্রীয় প্রচার সম্পাদক
খেলাফত মজলিস